# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৬৪৫; তারিখঃ ২৩/০৩/২০২২ খ্রিঃ।

**বিগত ২১/০৩/২২ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর সম্মেলনকক্ষে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)" বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরনী।**

বিগত ২১/০৩/২২ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর সম্মেলনকক্ষে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) " বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাফিউল হুদা খান এবং সভাপতি ছিলেন জনাব মোঃ মোতাহার হোসেন হাওলাদার, উপ পরিচালক (প্রশাসন), বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ। স্টেকহোল্ডার হিসেবে বাপাউবো'র মাঠ পর্যায়ে বিভিন্ন দপ্তরে কর্মরত হিসাবরক্ষক, সহকারী হিসাবরক্ষক এবং উর্ধ্বতন হিসাব সহকারীগন উক্ত সভায় অংশগ্রহণ করেন। সভার উপস্থিতি তালিকা সংযুক্তি-০১। সভার শুরুতে সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ এর বিষয়ে আলোচনা করেন। অতঃপর বিশেষ অতিথি জনাব মোঃ সাফিউল হুদা খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে উপস্থিত বাপাউবো'র মাঠ পর্যায়ে কর্মরত হিসাবরক্ষক, সহকারী হিসাবরক্ষক এবং উর্ধ্বতন হিসাব সহকারীগনদের অবহিত করেন। অতঃপর সভার প্রধান অতিথি বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) মহোদয় উপস্থিত বাপাউবো'র মাঠ পর্যায়ে কর্মরত হিসাবরক্ষক, সহকারী হিসাবরক্ষক এবং উর্ধ্বতন হিসাব সহকারীগনদের নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।এসময় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ (হার্ডকপি) উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ (অত্রসাথ সংযুক্ত) অনুসরণ পূর্বক প্রত্যেকে নিজ নিজ কর্মক্ষেত্রের আওতায় প্রত্যেকটি জোনে মনোনীত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সেবা প্রদান সংক্রান্ত সহায়তা প্রদান করবেন।

২। মাঠ পর্যায়ে প্রত্যেকটি দপ্তরে নাগরিক সনদ(Citizen Charter) চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩। সকল দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের উপর প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

23/03/22

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১. প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী ; সকল জোন, বাপাউবো।
২. প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা এবং টিম লিডার (এপিএ)।
৩. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা ও বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ।
৫. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)
৭. ব্যক্তিগত সহকারী ,অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮. অফিস কপি/মাষ্টার কপি।

২/৭/২০২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

## স্টেকহোল্ডারদের অংশগ্রহণে বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক অবহিতকরন সভা

তারিখঃ ২১ মার্চ, ২০২২ খ্রিঃ।

স্থানঃ বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, বাপাউবো, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ।

| ক্রঃ নং | নাম, পদবি এবং অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | ইসমাইল হোসেন, ঊর্ধ্বতন হিসাব সহকারী, চট্টগ্রাম ড্রেজার অপ. বিভাগ, চট্টগ্রাম। | [signature] |
| ০২ | মোহাম্মদ [illegible] ঊঃ হিঃ সহঃ মুন্সীগঞ্জ পওর বিভাগ-২, মুন্সীগঞ্জ | [signature] |
| ০৩ | মোঃ আবদুল হক ভূঁইয়া, ঊর্ধ্বতন হিসাব সহকারী, ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ, নারায়ণগঞ্জ | [signature] |
| ০৪ | অজিত রায়, ঊর্ধ্বতন হিসাব সহকারী, আঞ্চলিক হিসাব কেন্দ্র, যশোর, বাপাউবো, [illegible] | [signature] |
| ০৫ | হযরত আলী - ঊর্ধ্বতন হিসাব সহকারী - [illegible] ([illegible]) ঢাকা | [signature] |
| ০৬ | মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী হিসাব রক্ষক, হিসাবরক্ষণ কার্যালয়, ঢাকা | [signature] |
| ০৭ | মোঃ আবু সাঈদ খান, সহকারী হিসাব রক্ষক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বগুড়া | [signature] |
| ০৮ | এস. এম. খালেদ [illegible], সহকারী হিসাব রক্ষক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, পানি ভবন, ঢাকা। | [signature] |
| ০৯ | সাইফুল ইসলাম, সহকারী হিসাব রক্ষক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা | [signature] |
| ১০ | মোহাম্মদ সোহেল রানা সহঃ হিসাবরক্ষক আঞ্চলিক হিসাব কেন্দ্র, [illegible], বাপাউবো, [illegible] | [signature] |
| ১১ | আবু নাঈম, ঊর্ধ্বতন হিসাব সহকারী, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, পানি ভবন, ঢাকা | [signature] |
| ১২ | নারায়ন চন্দ্র পাল, ঊর্ধ্বতন হিসাব সহকারী, ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ | [signature] |
| ১৩ | মোঃ ইসমাইল মিয়া, ঊর্ধ্বতন হিসাব সহকারী, ব্রাহ্মণবাড়িয়া পাঃ উঃ বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া | [signature] |
| ১৪. | মো. হাবিবুর রহমান, ঊর্ধ্বতন হিসাব সহকারী, আঞ্চলিক হিসাব কেন্দ্র, কুষ্টিয়া | Habibur |
| ১৫ | মোঃ হুমায়ুন [illegible], সহকারী হিসাবরক্ষক আঞ্চলিক হিসাব কেন্দ্র, কুষ্টিয়া। | [signature] |
| ১৬ | [illegible] সহঃ হিঃ [illegible] ড্রেজার বেইজ, [illegible] | [signature] |
| ১৭ | মোহাম্মদ আব্দুর রহমান, সহকারী হিসাবরক্ষক, হিসাবরক্ষণ পরিদপ্তর, প্রশাসন-২ শাখা | [signature] |
| ১৮ | মো. বাদশাহ ফয়সাল, খুলনা [illegible] | [signature] |
| ১৯ | মোহাম্মদ রনি মিয়া | [signature] |

স্টেকহোল্ডারদের অংশগ্রহণে বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক অবহিতকরন সভা

তারিখঃ ২১ মার্চ, ২০২২ খ্রিঃ।

স্থানঃ বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাপাউবো, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ।

| | | |
|---|---|---|
| ২১ | মোঃ হামিদুল ইসলাম, সহকারী হিসাবরক্ষক আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঠাকুরগাঁও | [illegible] 21.03.2022 |
| 22 | মোঃ [illegible] রহমান সঃ হিঃ রঃ, [illegible] | [illegible] 21.03.22 |
| ২৩ | মোঃ দেলওয়ার হোসেন সহঃ হিঃ রঃ, সিলেট | [illegible] 21/03/22 |
| 24 | দীপঙ্কর রায় সহঃ হিঃ রঃ আঞ্চলিক হিসাব কেন্দ্র ফেনী | Dipak 21/03/22 |
| ২৫. | মোঃ মঈনুল ইসলাম, সহঃ পরিচালক (প্রঃ) প্রশিক্ষণ ও [illegible] | [illegible] 21/03/22 |
| ২৬. | মোঃ ওবায়দুর রহমান AEE. | [illegible] 21/3. |
| ২৭. | মোঃ সাইফুল হুদা খান SE, BTI, BWDB | [illegible] 21/3/22 |
| ২৮. | মোঃ মোজাহারুল হোসেন হাওলাদার DD (Adm), BTI, BWDB. | [illegible] 21/3/22 |
| ২৯. | আরিফ আহমেদ চৌধুরী, বাপাউবো অফিস [illegible] | [illegible] 21/3/22 |
| ৩০। | মোঃ [illegible] হোসেন, উপ [illegible] | [illegible] 21/3/22 |
| ৩১। | মোঃ ইকবাল হোসাইন, [illegible] | [illegible] |
| ৩২ | মোঃ [illegible] | |
| | | |
| | | |

<u>সভা চলাকালীন কিছু মূহুর্ত</u>









